সংবাদ

তারিখ AUG. 21 2006
পৃষ্ঠা ১৩ কলাম ১-৩

# সাভারে সাউথ এশিয়ান ভার্সিটি প্রতিষ্ঠার প্রস্তাব বাংলাদেশের

কূটনৈতিক বার্তা পরিবেশক

সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠা এখন সময়ের ব্যাপার মাত্র। সার্ক সদস্যরা এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে ঐকমত্য পোষণ করার পর এখন এর গঠন প্রক্রিয়া নির্ধারণে নিয়মিত কাজ করে চলেছে। ভারত এরই মধ্যেই এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার একটি আলোচ্যসূচি তৈরি করে বাংলাদেশের কাছে হস্তান্তর করেছে। ওই আলোচ্যসূচির ওপর পর্যালোচনা বৈঠক শেষে সাভার অথবা ময়নামতিতে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার প্রস্তাব দিয়েছে বাংলাদেশ। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (বিইউজিসি) অনুমোদিত সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠাবিষয়ক কমিটির প্রথম বৈঠকে এ প্রস্তাব দেয়া হয়। এদিকে গতকাল শনিবার ঢাকায় অনুষ্ঠিত 'সাউথ এশিয়ান সেন্টার ফর এক্সিলেন্স– এ সার্ক এসপিরেশন' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেছেন, সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠা হলে এটি হবে এই অঞ্চলে একটি জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠার কেন্দ্রবিন্দু।

সূত্র জানায়, বিইউজিসি'র সদস্য ও সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠাবিষয়ক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. কে. এম. মহসিন-এর সভাপতিত্বে গত ১২ জুলাই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক থেকে সাউথ এশিয়ান ইউনিভার্সিটি গঠনের ভারতীয় প্রস্তাবকে স্বাগত জানানো হয়। বৈঠকে বলা হয়, ভারত এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার জন্য যে প্রাথমিক আলোচ্যসূচি তৈরি করেছে তার ওপর কমিটির সদস্যরা আলোচনা করেছেন। গত সপ্তাহের প্রথম দিকে ঢাকায় ভারতীয় হাইকমিশনের ডেপুটি হাইকমিশনার সর্বজিৎ চক্রবর্তী সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রতিষ্ঠাবিষয়ক কমিটির আহ্বায়ক প্রফেসর ড. কেএম মহসিনের কাছে ভারতের প্রাথমিক আলোচ্যসূচি হস্তান্তর করেন। কমিটির সদস্যরা বৈঠকে বলেছেন, সাউথ এশিয়ান ইউনিভার্সিটি এ অঞ্চলের একটি অতুলনীয় শিক্ষা প্রতিষ্ঠান হতে পারে। তারা বলেছেন, নতুন এই বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক বাণিজ্য, আন্তর্জাতিক অর্থনৈতিক সম্পর্ক, জ্বালানি ও বিদ্যুৎ স্টাডিজ, পানি সম্পদ ব্যবস্থাপনা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও মলিকিউলার মাইক্রোবায়োলজি বিভাগ সম্মান ও স্নাতকোত্তর পর্যায়ে পড়ানো উচিত। কমিটির বৈঠকে সাউথ এশিয়ান ইউনিভার্সিটি গঠনের রূপরেখা তথা এর পরিচালনা কমিটি, লিঙ্গ সাম্যভিত্তিক ছাত্র ভর্তি, মেধার ভিত্তিতে ছাত্র ভর্তি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়।

গত শনিবার এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশ-এর মিলনায়তনে 'সাউথ এশিয়ান সেন্টার ফর এক্সিলেন্স– এ সার্ক এসপিরেশন' শীর্ষক সেমিনারের আয়োজন করে ইন্টারন্যাশনাল স্টাডিজ এসোসিয়েশন বাংলাদেশ (আইএসএবি)। প্রফেসর কেএম মহসিনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. এমাজউদ্দীন আহমদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল, স্ট্র্যাটেজিক স্টাডিজের (বিস) মহাপরিচালক মেজর জেনারেল মুনিরুজ্জামান। মূল বক্তব্য পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ইমতিয়াজ আহমেদ। মূল বক্তব্যের ওপর আলোচনা করেন ড. হোসেন জিল্লুর রহমান, জগলুল আহমেদ চৌধুরী, ড. আতিক রহমান প্রমুখ।